# বাংলাদেশ পর্যটন করপোরেশন

প্রশাসন শাখা

পর্যটন ভবন, প্লট: ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও

শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা - ১২০৭।

## বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর মার্চ ২০২১ মাসে অনুষ্ঠিত 'বিশেষ সমন্বয় সভা'র কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | জনাব মোঃ হান্নান মিয়া<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | ২৫-০৩-২০২১ খ্রি. |
| সভার সময় | সকাল ১০:৩০ ঘটিকা |
| স্থান | "ঐকতান" সভাকক্ষ, *বাপক*, প্রধান কার্যালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভার প্রারম্ভেই সভাপতি সশরীরে উপস্থিত ও ভার্চুয়াল মাধ্যমে সংযুক্ত সবাইকে স্বাগত জানিয়ে বিশেষ সমন্বয় সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী, মহান স্বাধীনতা দিবস এবং স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে সবাইকে শুভেচ্ছা জানান।

২.০। সভাপতি উল্লেখ করেন, এই আলোচনা সভায় গৃহীত সিদ্ধান্তমূহ পরবর্তী পর্ষদ সভায় প্রতিফলিত হবে। সে প্রেক্ষিতে পরিচালক (বাণিজ্যিক) বলেন, পর্ষদ সভার সিদ্ধান্তসমূহ ভলিউম (বই) আকারে থাকলে এক নজরে সিদ্ধান্তসমূহ খুঁজে পাওয়া সুবিধা হয়। সভাপতি উক্ত প্রস্তাবনাকে সাধুবাদ জানান এবং উপব্যবস্থাপক (আইন)-কে বিগত সকল পর্ষদ সভার সিদ্ধান্তসমূহ সংরক্ষণ ও সরবরাহের জন্য নির্দেশনা প্রদান করেন। উক্ত সরবরাহকৃত সিদ্ধান্তসমূহকে বই আকারে প্রকাশের জন্য ব্যবস্থাপক (জনসংযোগ) পরবর্তী কার্যক্রম সম্পন্ন করবেন মর্মেও তিনি নির্দেশনা প্রদান করেন। অতঃপর মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) সভাপতি'র সম্মতিক্রমে বর্তমান সভার আলোচ্যসূচী উপস্থাপন করেন। কার্যপত্রের উপর ধারাবাহিক আলোচনা ও সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্রম | কার্যক্রম |
|---|---|
| **৩.০। প্রশাসন শাখা** | |
| ৩.১। | **বাপক-এর জনবল কাঠামো বিষয়ক**<br>**আলোচনা:** বাপক-এর জনবল কাঠামো বর্তমানে প্রশাসন শাখায় পরীক্ষাধীন রয়েছে বলে সভায় আলোচনা করা হয়। সভাপতি বলেন, প্রশাসনিক মন্ত্রণালয়ের সম্মানীত সচিব মহোদয়ের সাথে পৃথক বৈঠকে তিনি এ বিষয়ে আলোচনা করবেন এবং এটি পুনর্মূল্যায়নের (revisit) অনুরোধ জানাবেন।<br><br>**সিদ্ধান্ত:** বাপক-এর জনবল কাঠামো নিয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সাথে চেয়ারম্যান, বাপক-এর একটি বৈঠক আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** প্রশাসন শাখা / একান্ত সচিব, চেয়ারম্যান, বাপক। |
| ৩.২। | **তৃতীয় পক্ষ কর্তৃক যাচাইকরণ (cross verification) প্রসঙ্গে**<br>**আলোচনা:** সভাপতি উল্লেখ করেন যে, সম্প্রতি তিনি কাজীপুর, সিরাজগঞ্জস্থ *বাপক*-এর নির্মীয়মান প্রকল্প পরিদর্শন করেন। সেখানে তিনি সীমানা পিলার কাগজে-কলমে প্রাপ্ত ২৭১টি স্তম্ভের (pillar) বিপরীতে গুণে গুণে ২০০টি স্তম্ভ পেয়েছেন। এ ধরনের অনিয়ম নির্মূলে সভাপতি যেকোন ধরনের ক্রয়কার্য সম্পন্নের ক্ষেত্রে এবং বড় ধরনের বিল পরিশোধের ক্ষেত্রে তৃতীয় পক্ষের দ্বারা যাচাই (cross verification) করে নেয়ার নির্দেশনা |

| ক্রম | কার্যক্রম |
|---|---|
| | প্রদান করেন।<br><br>**সিদ্ধান্ত:** যেকোন ধরনের ক্রয়কার্য সম্পন্নের ক্ষেত্রে এবং বড় ধরনের বিল পরিশোধের ক্ষেত্রে তৃতীয় পক্ষের দ্বারা যাচাই (cross verification) করে অতঃপর কার্য সমাধা করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** সকল বিভাগ / শাখা। |
| ৩.৩। | **ERP-এর 3rd Party অডিট প্রসঙ্গে**<br>**আলোচনা:** সভাপতি বলেন, আইসিটি বিষয়ক অব্যবস্থাপনা মোটেই সমীচীন নয়। এ অবস্থার অবসানে তিনি কার্যকর সিদ্ধান্ত আশা করেন।<br><br>**সিদ্ধান্ত:**<br>১) একটি তৃতীয় পক্ষের মাধ্যমে (3rd party) নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এই নিরীক্ষা দলের কার্যপরিধির মধ্যে থাকবে:<br>ক. *বাপক*-এর চাহিদা কী ছিল? এবং খ. *বাপক*-এর প্রাপ্তি কী ছিল?<br>২) তৃতীয় পক্ষের (3rd party) নিরীক্ষা কার্যক্রম সম্পন্নে যে সমস্ত সহায়তা চাওয়া হবে, সেগুলো সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ পূরণ করবে;<br>৩) তৃতীয় পক্ষের (3rd party) নিরীক্ষা কার্যক্রম সম্পন্নে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ চাহিত সহায়তা দিতে অপারগতা প্রকাশ করলে, তাদের পূর্বের সকল পাওনা বাতিলের ব্যবস্থা গ্রহণ করা হবে;<br>৪) তৃতীয় পক্ষের (3rd party) নিরীক্ষা কার্যক্রম সম্পন্নের পর তাদেরই সুপারিশমতে চুক্তি অব্যাহত রাখা বা বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করা হবে। একইসাথে চুক্তি বাতিল হলে নতুন চুক্তির ক্ষেত্রে তাদের সুপারিশ বিবেচনা করা হবে;<br>৫) তৃতীয় পক্ষের (3rd party) নিরীক্ষা কার্যক্রম Bangladesh Computer Council (BCC) কর্তৃক সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** ব্যবস্থাপক (আইসিটি)। |
| ৩.৪। | **ইউনিট ব্যবস্থাপকগণ কর্তৃক প্রতি মাসের হিসাব বিবরণী প্রেরণ প্রসঙ্গে**<br>**আলোচনা:** সংস্থার প্রতিটি নথি তথা সিদ্ধান্ত নির্দিষ্ট সময়ের মধ্যে (time bound) সম্পন্ন করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। এছাড়া সকল ইউনিট ব্যবস্থাপককে প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে আর্থিক হিসাব বিবরণী প্রধান কার্যালয়ের অর্থ ও হিসাব শাখায় প্রেরণ নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>**সিদ্ধান্ত:** ইউনিট ব্যবস্থাপকগণ প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে আর্থিক হিসাব বিবরণী প্রধান কার্যালয়ের অর্থ ও হিসাব শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।<br><br>**বাস্তবায়ন:** ইউনিট ব্যবস্থাপক (সকল) / অর্থ ও হিসাব শাখা। |
| ৩.৫। | **গাড়ী নং: ঢাকা মেট্রো-চ-৫১-৪২৯৭ (মিতসুবিশি) মাইক্রোবাস মেরামত প্রসঙ্গে**<br>**আলোচনা:** এ বিষয়ে সভাপতি সাধারণ সেবা শাখাকে প্রয়োজন অনুসারে ধাপে ধাপে কার্যক্রম সম্পন্নের নির্দেশনা প্রদান করেন।<br><br>**সিদ্ধান্ত:** প্রয়োজন অনুসারে ধাপে ধাপে মেরামতের কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** সাধারণ সেবা শাখা। |

| ক্রম | কার্যক্রম |
|---|---|
| | ২) বন্ড লাইসেন্স সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত যাহাই হোক না কেন বন্ড লাইসেন্স সংখ্যা কোনোভাবেই কমানো যাবে না।<br><br>**বাস্তবায়ন:** ডিএফও ইউনিট। |
| ৪.৩। | **হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের Domestic Arrival-এ ডিএফও-এর কার্যক্রম প্রসঙ্গে**<br>**আলোচনা:** সম্প্রতি বেনাপোল স্থল বন্দর পরিদর্শন সম্পন্ন করেছেন উল্লেখ করে পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় সভাকে অবহিত করেন যে, স্থল বন্দর কর্তৃপক্ষ সেখানে শুল্কমুক্ত বিপণী স্থাপনে আগ্রহী। তিনি ব্যক্তিগতভাবেও মনে করেন, এটি সম্ভাবনাময়। সভাপতি সেখানে শুল্কমুক্ত সামগ্রীর পাশাপাশি স্ন্যাকস (snacks) কর্নার স্থাপনের সম্ভাব্যতা পর্যালোচনার পরামর্শ প্রদান করেন।<br><br>**সিদ্ধান্ত:** অতি সত্বর বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ বরাবর বেনাপোল স্থল বন্দরে শুল্কমুক্ত বিপণী স্থাপনের প্রস্তাবনামতে পত্র প্রেরণ করতে হবে। পরবর্তীতে চেয়ারম্যান, বাপক তাঁদের সাথে একটি সভায় মিলিত হবেন। এছাড়া সৈয়দপুর-শিলিগুড়ি/দার্জিলিং এই রুট চালু হলে সৈয়দপুরে শুল্কমুক্ত বিপণী স্ন্যাকস (snacks) কর্নার স্থাপনের জন্য এখন থেকেই প্রস্তুতি সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** ব্যবস্থাপক (সংগ্রহ, ডিএফও) / ডিএফও ইউনিট। |
| **৫.০। বাণিজ্যিক শাখা** | |
| ৫.১। | **নতুন বার চালুকরণ প্রসঙ্গে**<br>**আলোচনা:** রুপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এলাকায় অবস্থানরত বিদেশী নাগরিকদের আপ্যায়নার্থে সেখানে একটি বার স্থাপনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। মহাব্যবস্থাপক (ডিএফও) সভাকে অবহিত করেন যে, তিনি নিজে উক্ত স্থান পরিদর্শন করেছেন। সেখানে অচিরেই ব্যবসা পরিচালনা করতে হলে চেয়ার/টেবিল, ক্রোকারিজ, কাটলারিজ প্রভৃতি ক্রয় করতে হবে। পাশাপাশি পরিচালক (বাণিজ্যিক) উল্লেখ করেন যে, সেখানে ব্যবসা শুরু করার ক্ষেত্রে অন্যতম বড় চ্যালেঞ্জ জনবল পদায়ন।<br><br>**সিদ্ধান্ত:**<br>১) ডিএফও রুপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এলাকায় একটি বার স্থাপনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;<br>২) পরীক্ষামূলকভাবে তিন/চার মাস বাপক নিজে পরিচালনা করবে। লাভজনক বিবেচিত হলে সে ধারা অব্যাহত রাখতে হবে। তবে এর ব্যত্যয়ে বেসরকারি পরিচালনায় চালানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>৩) পাশাপাশি বার-টিতে দ্রব্য-সামগ্রীর স্থিতি (supply chain) বজায় রাখতে বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে পত্র যোগাযোগ শুরু করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** ব্যবস্থাপক (সংগ্রহ, ডিএফও) / ডিএফও ইউনিট। |
| ৫.২। | **রেলওয়ে ক্যাটারিং প্রসঙ্গে**<br>**আলোচনা:** সোনার বাংলা ট্রেন-এ ক্যাটারিং সার্ভিস পরিচালনার বিষয়ে সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ বিস্তারিত আলোচনা করেন। এ আলোচনায় সভাপতির অনুমতিক্রমে ইউনিট ব্যবস্থাপক (হোটেল সৈকত) ও ব্যবস্থাপক (হোটেল অবকাশ) তাঁদের সুচিন্তিত মতামত ব্যক্ত করেন। তাঁরা মত প্রকাশ করেন যে, রেলওয়ে কর্তৃপক্ষের প্রস্তাবমতে ক্যাটারিং সার্ভিস পরিচালনা করলে একাধারে বাপক তার সুনাম হারাবে এবং আর্থিক ক্ষতির সম্মুখীনও হবে।<br>সভাপতি বলেন, এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে আগামী ৩০ মার্চ ২০২১ তারিখের মধ্যে সিদ্ধান্ত জানাতে হবে। পরিশেষে সভাপতি জানান, তিনি এ বিষয়ে সচিব মহোদয়ের সাথে পৃথক সভায় আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবেন। |

| ক্রম | কার্যক্রম |
| --- | --- |
| | **সিদ্ধান্ত:** বাপক-এর ক্যাটারিং সার্ভিস পরিচালনার বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সাথে আগামী ২৯ মার্চ ২০২১ তারিখে একটি বৈঠক আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত বৈঠকে বাপক-এর পক্ষে চেয়ারম্যান মহোদয়, পরিচালক (বাণিজ্যিক), মহাব্যবস্থাপক (বাণিজ্যিক), ব্যবস্থাপক (হোটেল অবকাশ) উপস্থিত থাকবেন।<br><br>**বাস্তবায়ন:** বাণিজ্যিক শাখা / একান্ত সচিব, চেয়ারম্যান, বাপক। |
| ৫.৩। | **বাপক-এর স্থাপনায় (বাণিজ্যিক ইউনিট) অবস্থানকারী কর্মচারীদের ভাড়া ও বিল পরিশোধ প্রসঙ্গে**<br>**আলোচনা:** সভাপতি উল্লেখ করেন, কিছু কিছু বাণিজ্যিক ইউনিটে বিনা খরচে কর্মচারী অবস্থান করেন। এটি অনভিপ্রেত মন্তব্য করে তিনি বলেন, আর্থিক অবস্থা বিবেচনায় কেউ অবস্থান করলেও আবশ্যকীয় সেবাসমূহের (বিদ্যুৎ, পানি, গ্যাস প্রভৃতি) বিল প্রদান করে থাকা উচিৎ। এর ব্যত্যয়ে নিরীক্ষা আপত্তি অবশ্যম্ভাবী। এ বিষয়ে সভাপতি বাণিজ্যিক শাখার মাধ্যমে ভিন্ন সভায় আলোচনা করার অভিপ্রায় ব্যক্ত করেন।<br><br>**সিদ্ধান্ত:** সকল স্থাপনায় (বাণিজ্যিক ইউনিট) আবশ্যকীয় সেবাসমূহের (বিদ্যুৎ, পানি, গ্যাস প্রভৃতি) খরচসহ নির্ধারিত/ন্যূনতম ভাড়া প্রদান করে কর্মচারীদের অবস্থান নিশ্চিত করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** বাণিজ্যিক শাখা। |
| ৫.৪। | **লাইভ ফিশ, রেস্তোরাঁ প্রভৃতি বিষয়ক আলোচনা**<br>**আলোচনা:** হোটেল শৈবাল-এর লাইভ ফিশ, রেস্তোরাঁ প্রভৃতি বিষয়ক জটিলতা নিরসনে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠনের আলোচনা করা হয়:<br>১. ব্যবস্থাপক (হোটেল শৈবাল) - আহবায়ক<br>২. উপব্যবস্থাপক (পেনশন) - সদস্য<br>৩. ব্যবস্থাপক (নিরীক্ষা) - সদস্য সচিব।<br>সভাপতি গঠিত কমিটি-কে আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে একটি প্রতিবেদন ও সুপারিশমালা দাখিলের নির্দেশনা প্রদান করেন। এছাড়া যেদিন চুক্তির মেয়াদ শেষ হবে সেদিনই উক্ত জায়গাগুলো নিজেদের দখলে নেয়ার বিষয়ে সভায় নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**সিদ্ধান্ত:** কমিটি আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ বরাবর একটি প্রতিবেদন ও সুপারিশমালা দাখিল করবে।<br><br>**বাস্তবায়ন:** গঠিত কমিটি। |
| ৫.৫। | **ইজারা ও ভাড়া দেয়ার পূর্বে পর্ষদের অনুমোদন নেয়া প্রসঙ্গে**<br>**আলোচনা:** সভাপতির এক জিজ্ঞাসার জবাবে সংস্থার ইজারা ও ভাড়া প্রদানের বিষয় সভায় আলোচনা করা হয়। আলোচনা থেকে জানা যায়, কোন সম্পত্তি ইজারা দেয়ার প্রাক্কালে পর্ষদ সভার অনুমোদন নেয়া হয়। তবে ভাড়া প্রদানের ক্ষেত্রে এরূপ কোন চর্চা অনুসৃত হয় না। সে প্রেক্ষিতে সভাপতি পরবর্তীতে সকল প্রকার ইজারা ও ভাড়া প্রদানের বিষয় পর্ষদ সভায় অনুমোদন নিতে নির্দেশনা প্রদান করেন। বর্ণিত কর্মকান্ড দেখভালের জন্য নিম্নরূপে একটি কমিটি গঠন করার প্রস্তাব উত্থাপন করা হয়:<br>১. মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) - আহবায়ক<br>২. ব্যবস্থাপক (বাণিজ্যিক) - সদস্য<br>৩. উপব্যবস্থাপক (আইন ও পর্ষদ) - সদস্য<br>৪. উপব্যবস্থাপক (বাণিজ্যিক-৩) - সদস্য<br>৫. ব্যবস্থাপক (এস্টেট) - সদস্য সচিব। |

| ক্রম | কার্যক্রম |
|---|---|
| | সিদ্ধান্ত: পর্ষদ সভায় অনুমোদনের আলোকে সংস্থার সকল প্রকার ইজারা ও ভাড়া প্রদানের বিষয় সম্পন্ন করতে হবে।<br><br>বাস্তবায়ন: গঠিত কমিটি / এস্টেট শাখা / পরিকল্পনা শাখা। |
| ৫.৬। | **BTB-এর কর্মকর্তাদের বাপক-এর বাণিজ্যিক ইউনিটসমূহে সুযোগ-সুবিধা প্রদান প্রসঙ্গে**<br>আলোচনা: বাপক-এর কর্মকর্তা/কর্মচারীবৃন্দ যেরূপ সুযোগ-সুবিধা প্রাপ্য হন সেরূপ তথা নির্ধারিত পূর্বের সুযোগ-সুবিধাই BTB-এর কর্মকর্তাগণ প্রাপ্য হবেন মর্মে সভায় আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত: BTB-এর কর্মকর্তাগণ ( যুগ্মসচিব ও তদুর্ধ্ব) বিপিসি কর্মকর্তাদের ন্যায় সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।<br><br>বাস্তবায়ন: বাণিজ্যিক শাখা |
| ৫.৭। | **বাপক-এর কর্মকর্তা/কর্মচারীবৃন্দের বাণিজ্যিক ইউনিটসমূহে প্রাপ্য সুযোগ-সুবিধা প্রসঙ্গে**<br>আলোচনা: বাপক-এর কর্মকর্তা/কর্মচারীবৃন্দ কোন পর্যটন স্থলে ভ্রমণের সময় বা ব্যক্তিগত ভ্রমণকালে বাণিজ্যিক ইউনিটসমূহে অবস্থান করলে যেসকল সুযোগ-সুবিধা প্রাপ্য হন সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এবং এ বিষয়ে বাণিজ্যিক শাখা কর্তৃক স্পষ্টীকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br><br>সিদ্ধান্ত:<br>১) বাপক-এর কর্মকর্তা/কর্মচারীবৃন্দ কেবলমাত্র সশরীরে অবস্থান করলে প্রাপ্য সুযোগ-সুবিধা ভোগ করতে পারবেন;<br>২) কোন বাণিজ্যিক ইউনিটে অবস্থানের ক্ষেত্রে বর্তমানে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী প্রতি অর্থবছরে ০৩ (তিন) বারে ০৯ (নয়) দিনের সুযোগ-সুবিধা ভোগ করতে পারবেন;<br>৩) অবসরপ্রাপ্ত/প্রেষণে কোন কর্মকর্তা/কর্মচারীও একই প্রকারে সুযোগ-সুবিধা ভোগ করতে পারবেন।<br><br>বাস্তবায়ন: বাণিজ্যিক শাখা। |
| ৬.০। পরিকল্পনা শাখা | |
| ৬.১। | **চাপাইনবাবগঞ্জে শেখ হাসিনা সেতু সংলগ্ন পর্যটন কেন্দ্রের বন্দোবস্তকৃত স্থানে রাস্তার জন্য জায়গা ছাড়া প্রসঙ্গে**<br>আলোচনা: এ বিষয়ে সভাপতি Project Implementation Committee (PIC)-তে প্রস্তাব পেশ করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>সিদ্ধান্ত: Project Implementation Committee (PIC)-তে প্রস্তাব পেশ করতে হবে।<br><br>বাস্তবায়ন: পরিকল্পনা শাখা / পূর্ত শাখা। |
| ৬.২। | **সম্পদ/ভূমির ইনভেনটরীকরণ ও প্রতিবেদন প্রণয়ন প্রসঙ্গে**<br>আলোচনা: এ বিষয়ে ব্যবস্থাপক (এস্টেট) সভাকে অবহিত করেন যে, বাপক-এর স্থাবর সকল সম্পত্তির ইনভেনটরীকরণ হয়েছে, এবং প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণও করা হয়েছে। সভাপতি স্থাবর সম্পত্তির পাশাপাশি সকল অস্থাবর সম্পত্তিরও ইনভেনটরী করার নির্দেশনা প্রদান করেন। এর পাশাপাশি সকল সম্পত্তির ইনভেনটরী রেজিস্ট্রারভুক্ত করতে তিনি পরামর্শ প্রদান করেন।<br>এই কাজের ধারাবাহিকতা বজায় রাখতে তিনি প্রতি মাসে কমপক্ষে ০২ (দুই)টি করে জমির হালনাগাদ তথ্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত প্রস্তুতের জন্য এস্টেট শাখাকে নির্দেশনা প্রদান করেন। |

| ক্রম | কার্যক্রম |
|---|---|
| | **সিদ্ধান্ত:**<br>১) সকল স্থাবর/অস্থাবর সম্পত্তির ইনভেনটরীপূর্বক রেজিস্ট্রারভুক্ত করতে হবে;<br>২) প্রতি মাসে কমপক্ষে ০২ (দুই)টি করে জমির হালনাগাদ তথ্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত প্রস্তুত করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** এস্টেট শাখা / পরিকল্পনা শাখা। |
| ৬.৩। | **হোটেল শৈবালের জমিতে অবৈধ দখলদার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ**<br>**আলোচনা:** হোটেল শৈবাল-এর জমিতে অবৈধ দখলদার উচ্ছেদের বিষয়ে সভাপতি কৌশলী পদক্ষেপ গ্রহণের পরামর্শ প্রদান করেন। সেক্ষেত্রে বাংলাদেশ পুলিশ এবং জেলা পরিষদের নিকট হতে ভাড়া নেয়ার ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** বাংলাদেশ পুলিশ এবং জেলা পরিষদের নিকট হতে ভাড়া নেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** ব্যবস্থাপক (হোটেল শৈবাল) / এস্টেট শাখা / পরিকল্পনা শাখা। |
| ৬.৪। | **IFR-এর উপলক্ষ্যে কক্সবাজারে ৫ কোটি টাকার মধ্যে ছোট প্রকল্প গ্রহণ**<br>**আলোচনা:** আলোচ্য বিষয়ে প্রকল্প গ্রহণের কার্যক্রম চলমান আছে বলে সভায় আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** প্রকল্প গ্রহণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়ন:** পরিকল্পনা শাখা |
| ৭.০। জনসংযোগ শাখা | |
| ৭.১। | **হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বাপক পরিচালিত 'পর্যটন তথ্য কেন্দ্র' (TIC)-এর ভাড়া প্রসঙ্গে**<br>**আলোচনা:** হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবস্থিত বাংলাদেশ পর্যটন করপোরেশন পরিচালিত তথ্য কেন্দ্রটি হস্তান্তরের বিষয়ে গত ২৩-০২-২০২১ তারিখে জনসংযোগ শাখা থেকে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ বরাবর একটি পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** টিআইসি ছেড়ে দেবার বিষয়ে ইতিমধ্যে সিভিল এভিয়েশন-কে পত্র দেয়া হয়েছে।।<br><br>**বাস্তবায়ন:** জনসংযোগ শাখা |

৮.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হান্নান মিয়া
চেয়ারম্যান

স্মারক নম্বর: ০০.০৩২.০০৬.২০.০৫.০০১.২০০৭/ ৪৪১

১৭ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
তারিখ: ------------------------------
৩১ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) পরিচালক ------------------------------------------------------ (সকল), বাপক, ঢাকা।
২) মহাব্যবস্থাপক -------------------------------------------------- (সকল), বাপক, ঢাকা।
৩) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, এনএইচটিটিআই, বাপক, ঢাকা।
৪) বিভাগীয় প্রধান --------------------------------------------------- (সকল) বাপক, ঢাকা।
৫) চেয়ারম্যান-এর একান্ত সচিব, বাপক, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৮।৪।২০২১
মোহাম্মদ মাহফুজুর রহমান
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)